দৈনিক বাংলা

তারিখ 21 JUN 1988
পৃষ্ঠা ...... ১ কলাম ৪

055

21 JUN 1988

## ভার্সিটির ঘটনা দুর্ভাগ্যজনক : শিক্ষা মন্ত্রণালয়

সোমবার আনুমানিক বিকাল ৩.৪০ মিঃ এর সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য এবং সংসদ সদস্য বেগম হাসনা মওদুদ বিশ্ববিদ্যালয়ের সিনেট সভায় যোগদানের জন্য উপাচার্যের অফিসে পৌঁছলে একদল উচ্ছৃংখল ছাত্র হঠাৎ করে তাঁকে ঘিরে ফেলে এবং তাঁর হাত থেকে ব্যাগ ছিনিয়ে নেয় গাড়ীর ড্রাইভারকে

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## শিক্ষা মন্ত্রণালয়

(প্রথম পৃঃ পর)

মারধর করে চাবি কেড়ে নেয় এবং গাড়ীটি প্রথমে ভাংচুর করে ও পরে আগুন লাগিয়ে জ্বালিয়ে দেয়।

তথ্য বিবরণীতে দেয়া এ খবরে বলা হয় : দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অংগনে এ ধরনের অরাজকতা অত্যন্ত দুর্ভাগ্যজনক ও দুঃখজনক। বিশ্ববিদ্যালয়ের সিনেট সভায় সিনেটের সদস্য এবং বিশেষ করে মহিলা সদস্যের এ ধরনের লাঞ্ছনা অত্যন্ত ন্যক্কারজনক ঘটনা। যে ছাত্র-ছাত্রীরা বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ শিক্ষা গ্রহণ করে দেশ ও জাতির ভবিষ্যৎ কান্ডারীরূপে তৈরি হবে তাদের হাতে জাতীয় সংসদের একজন সম্মানিত সদস্য এবং যিনি তাদেরই বিশ্ববিদ্যালয়ের সিনেটের সদস্য ও একজন প্রবীণ শিক্ষক তাঁর মান সম্মানের হানি ঘটেছে।

এই ঘটনা উদ্বেগজনক বিশেষ করে এজন্য যে ঘটনাটি ঘটেছে বিশ্ববিদ্যালয়ের বেশ কজন শিক্ষকের উপস্থিতিতে এবং আশা করা যাচ্ছে আগামীতে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি হবে না। কারণ সকলে চায় সব শিক্ষাঙ্গণে সুস্থ ও সুষ্ঠু শিক্ষার পরিবেশ বিরাজ করুক এবং শিক্ষাঙ্গণগুলো থেকে দেশের যোগ্য নাগরিক তৈরি হোক। এটা আরও আশা করা যাচ্ছে যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ ঘটনার সাথে জড়িত দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান করবেন।